হবিগঞ্জ সদর উপজেলা পরিষদের ফেব্রুয়ারি, ২০২২ মাসের মাসিক সভার কার্যবিবরণীঃ

সভাপতি ঃ মোতাচ্ছিরুল ইসলাম
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হবিগঞ্জ সদর, হবিগঞ্জ

সভার তারিখ ঃ ২৪ ফেব্রুয়ারি ২০২২ সময় ঃ বেলা ১১:০০ ঘটিকা

সভার স্থান ঃ উপজেলা পরিষদ সভাকক্ষ

সভার হাজিরা ঃ পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য

অনুপস্থিত সদস্যদের তালিকা ঃ পরিশিষ্ট 'খ' দ্রষ্টব্য

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। পরে নিম্নে বর্ণিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্র:নং	বিভাগ/বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	দায়িত্ব
০১	বিগত সভার কার্যবিবরণী	উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক বিগত ২৭.০১.২০২২ খ্রিঃ তারিখের সভার কার্য বিবরণী পাঠ করে শুনানো হয়।	কোন সংশোধনী না থাকায় বিগত সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।	উপজেলা নির্বাহী অফিসার, হবিগঞ্জ সদর
০২	স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর	উপজেলা প্রকৌশলী, হবিগঞ্জ সদর এর প্রতিনিধি বলেন যে, ২০২১-২০২২ অর্থ বছরে বার্ষিক কর্মসূচির (এডিপি) বিগত সভায় অনুমোদিত প্রকল্পসমূহের প্রাক্কলন প্রস্তুতের কাজ চলমান আছে। তিনি আরও বলেন, উপজেলা পরিষদের নতুন ভবন নির্মাণের কাজ মে.২০২২ মাসের মধ্যে সম্পন্ন হবে মর্মে আশাবাদ ব্যক্ত করেন।	অনুমোদিত প্রকল্পগুলো দ্রুত প্রাক্কলন প্রস্তুত করে টেন্ডার বিজ্ঞপ্তি জারী করার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা প্রকৌশলী, হবিগঞ্জ সদর
০৩	কৃষি বিভাগ	উপজেলা কৃষি অফিসার, হবিগঞ্জ সদর বলেন, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।	যথযথভাবে কার্যক্রম চালিয়ে যাওয়ার জন্য অনুরোধ করা হয়।	উপজেলা কৃষি অফিসার, হবিগঞ্জ সদর
০৪	মাধ্যমিক শিক্ষা বিভাগ	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, হবিগঞ্জ সদর বলেন, মাধ্যমিক বিদ্যালয়সমূহ ২২ ফেব্রুয়ারি হতে পাঠদান শুরু হয়েছে। পরিদর্শনকালে শিক্ষার্থীদের উপস্থিতির হার কম পরিলক্ষিত হয়েছে। বিদ্যালয়ে উপস্থিতি বৃদ্ধির ব্যাপারে অভিভাবকদের সচতেনতা বৃদ্ধি করার আহবান জানান।	শিক্ষার্থীদের বিদ্যালয়ে উপস্থিতি বৃদ্ধির জন্য অভিভাবকদের সচেতনতা বৃদ্ধির জন্য ব্যাপক প্রচারণা চালানোর ব্যবস্থা গ্রহণ করতে হবে।	চেয়ারম্যান,ইউপি(সকল)/ উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার/শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান (সকল), হবিগঞ্জ সদর
০৫	শিক্ষা বিভাগ	উপজেলা শিক্ষা অফিসার, হবিগঞ্জ সদর বলেন, চলতি অর্থ বছরে ৪টি বিদ্যালয়ে খেলাধুলার সামগ্রী ক্রয়ের জন্য ১লক্ষ ৫০ হাজার টাকা হরে ৬ লক্ষ টাকা বরাদ্দ পাওয়া গিয়েছে। (খ) সভাপতি বলেন, ৪০,০০০/- টাকা হারে ৯০টি বিদ্যালয়ে স্লীপ বরাদ্দ এসেছে। কাজগুলো যেন দৃশ্যমান হয় সেদিকে নজর রাখতে হবে। তিনি বলেন, সহকারী শিক্ষা অফিসারগণ নিয়মিত স্কুলগুলো পরিদর্শন করেন না। নিয়মিত স্কুল পরিদর্শন করার জন্য তিনি নির্দেশনা প্রদান করেন।	(ক) সরকারি নির্দেশনা মোতাবেক বরাদ্দকৃত অর্থের দ্বারা খেলাধুলার সামগ্রী ক্রয়ের সিদ্ধান্ত গৃহীত হয়। (খ) বরাদ্দকৃত কাজ যথাযথ ভাবে সম্পন্ন করার ব্যাপারে নজর রাখা এবং স্কুলগুলো নিয়মিত পরিদর্শন করার ব্যবস্থা নিশ্চিত করার সিদ্ধান্ত গৃহীত হয়।	(ক) উপজেলা শিক্ষা অফিসার, হবিগঞ্জ সদর (খ) উপজেলা শিক্ষা অফিসার, হবিগঞ্জ সদর
০৬	জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ	সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, হবিগঞ্জ সদর বলেন, এ উপজেলার জন্য মোট ৩০৪টি টিউবওয়েল বরাদ্দ পাওয়া গিয়েছিল। তন্মধ্যে ২/৩টি টিউবওয়েল বসানোর কাজ সমাপ্ত হয়নি। সভাপতি বলেন, মনিটরিং করে অসমাপ্ত কাজ দ্রুত সম্পন্ন করার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করার জন্য নির্দেশনা প্রদান করেন।	যে সকল টিউবওয়েলের কাজ এখনও সম্পন্ন করা হয়নি, সে সকল টিউব ওয়েলের স্থান পরিদর্শন করত: দ্রুত কাজ সম্পন্ন করার পদক্ষেপ গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।	সহকারী প্রকোশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, হবিগঞ্জ সদর

০৭	সমাজসেবা বিভাগ	(ক) উপজেলা নির্বাহী অফিসার বলেন, এ উপজেলায় বীর মুক্তিযোদ্ধাদের বীর নিবাস তৈরীর জন্য ১২টি ঘর নির্মাণের বরাদ্দ এসেছে। এর মধ্যে ৭টি গৃহের কাজ শুরু করা হয়েছে। উক্ত প্রকল্পসহ ইউনিয়নাধীন সকল উন্নয়নমূলক কাজের গুণগত মান বজায় রাখার স্বার্থে নজরদারী করার জন্য ইউপি চেয়ারম্যানসহ সকলকে অনুরোধ জানান। (খ) উপজেলা সমাজসেবা অফিসার,হবিগঞ্জ সদর বলেন, তার অফিসের জরাজীর্ণ দরজা জানালা মেরামত করার জন্য প্রস্তাব করেন। সভাপতি বলেন, যে সকল অফিসের জরুরী মেরামত প্রয়োজন সে সকল অফিসের মেরামত কাজ সম্পাদন করে উপজেলা প্রকৌশলী কর্তৃক পরিদর্শনপূর্বক বিল/ভাউচার দাখিল করার জন্য পরামর্শ প্রদান করেন।	(ক) সরকারি নীতিমালা অনুযায়ী ঘর নির্মাণের কাজ হচ্ছে কিনা এবং ইউনিয়নাধীন সকল উন্নয়নমূলক কাজের গুণগত মান বজায় রাখার স্বার্থে নজর রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। (খ) প্রয়োজনীয় জরুরী মেরামত কাজ সম্পন্ন করে বিল/ভাউচার দাখিল করার সিদ্ধান্ত গৃহীত হয়।	(ক) চেয়ারম্যান,উপজেলা পরিষদ/সংশ্লিষ্ট কর্মকর্তা (সকল)/ইউপি চেয়ারম্যান (সকল),হবিগঞ্জ সদর (খ) উপজেলা সমাজসেবা অফিসার,হবিগঞ্জ সদর
০৮	পরিবার পরিকল্পনা বিভাগ	(ক) উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, হবিগঞ্জ সদর বলেন, জাইকা প্রকল্পের আওতায় গৃহীত ইউনিয়ন ডেলিভারী সেন্টারে টেবিলসহ বিভিন্ন চিকিৎসা সামগ্রী দ্রুত সরবরাহ করা হলে সেবা প্রদানে সহায়ক হতো। এ প্রসঙ্গে উপজেলা প্রকৌশলীর প্রতিনিধি বলেন, ঠিকাদার মালামাল সরবরাহ করতে প্রস্তুত রয়েছেন। তবে স্বাস্থ্য বিভাগ কর্তৃক নমুনা সিলেকশন করা হলে মালামাল সরবরাহের আদেশ প্রদান করা হবে। (খ) চেয়ারম্যান, নিজামপুর ইউপি বলেন, তাঁর ইউনিয়নের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে কর্মরত ভিজিটর চন্দনা রানী দাস ৩ বছর যাবৎ কর্মস্থলে সঠিকভাবে উপস্থিত থাকেন না। তার অবহেলা ও অনুপস্থিতির দরুন ডেলিভারী রোগীরা ভোগান্তি ও সেবা প্রাপ্তি থেকে বঞ্চিত হচ্ছেন। তার বিরুদ্ধে কর্তৃপক্ষ কোনরুপ ব্যবস্থা নিচ্ছেন না। এব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য তিনি প্রস্তাব করেন।	(ক) টেন্ডারকৃত মেডিকেল সামগ্রীর নমুনা সিলেকশন করে সরবরাহের আদেশ প্রদান করার সিদ্ধান্ত গৃহীত হয়। (খ) বিষয়টি তদন্তপূর্বক বর্ণিত ভিজিটরের বিরুদ্ধে বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।	(ক) উপজেলা স্বাস্থ্য ও প: প: অফিসার/ উপজেলা প্রকৌশলী, হবিগঞ্জ সদর (খ) উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, হবিগঞ্জ সদর
০৯	সমবায় বিভাগ	উপজেলা সমবায় অফিসার, হবিগঞ্জ সদর বলেন, ১০৫টি সমবায় সমিতির মধ্যে ইতোমধ্যে ৭৫টি সমিতির অডিট কার্যক্রম সম্পন্ন করা হয়েছে। এ উপজেলার চরহামুয়া আশ্রয়ন প্রকল্পের উপকারভোগীদের মধ্যে ঋন বিতরণ ও আদায় কার্যক্রম অব্যাহত আছে।	যথাযথভাবে কার্যক্রম চালিয়ে যাওয়ার জন্য অনুরোধ করা হয়।	উপজেলা সমবায় অফিসার, হবিগঞ্জ সদর
১০	মৎস্য বিভাগ	সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, হবিগঞ্জ সদর অনুপস্থিত থাকায় এ বিভাগের কার্যক্রম সম্পর্কে আলোচনা করা সম্ভব হয়নি।	পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।	সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, হবিগঞ্জ সদর
১১	যুব উন্নয়ন বিভাগ	সহকারী উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, হবিগঞ্জ সদর বলেন, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।	যথাযথভাবে কার্যক্রম চালিয়ে যাওয়ার জন্য অনুরোধ করা হয়।	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, হবিগঞ্জ সদর
১২	পল্লী উন্নয়ন বিভাগ	উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, হবিগঞ্জ সদর অনুপস্থিত থাকায় এ বিভাগের কার্যক্রম সম্পর্কে আলোচনা করা সম্ভব হয়নি।	পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।	উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, হবিগঞ্জ সদর
১৩	পল্লী সঞ্চয় ব্যাংক	প্রতিনিধি, পল্লী সঞ্চয় ব্যাংক, হবিগঞ্জ সদর বলেন, তার অফিসের কার্যক্রম স্বাভাবিক রয়েছে।	যথযথভাবে কার্যক্রম চালিয়ে যাওয়ার জন্য অনুরোধ করা হয়।	শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, হবিগঞ্জ সদর

১৪	স্বাস্থ্য ও প: প: বিভাগ	মেডিকেল অফিসার,উপজেলা স্বাস্থ্য ও প: প: অফিস, হবিগঞ্জ সদর বলেন, কোভিড-১৯ এর টিকাদান কার্যক্রম অব্যাহত আছে। এ উপজেলায় টিকা গ্রহণকারী ৭০%। আগামী ২৬ ফেব্রুয়ারি গণটিকা কর্মসূচি বাস্তবায়ন করা হবে। এব্যাপারে মাইকিং করে ব্যাপক প্রচারণা চালানোর জন্য প্রস্তাব করেন।	আগামী ২৬ ফেব্রুয়ারি গণটিকা কর্মসূচি সফল বাস্তবায়নের লক্ষ্যে মাইকিং করে ব্যাপক প্রচারণা চালানোর সিদ্ধান্ত গৃহীত হয়।	ইউপি চেয়ারম্যান (সকল), হবিগঞ্জ সদর
১৫	মহিলা বিষয়ক	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা(অ:দা:), হবিগঞ্জ সদর সভায় অনুপস্থিত থাকায় আলোচনা কর সম্ভব হয়নি।	পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা(অ:দা:),হবিগঞ্জ সদর
১৬	প্রাণিসম্পদ বিভাগ	উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, হবিগঞ্জ সদর সভায় উপস্থিত না থাকায় আলোচনা করা সম্ভব হয়নি।	পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।	উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, হবিগঞ্জ সদর
১৭	বিএডিসি (সেচ) বিভাগ	উপসহকারী প্রকৌশলী বিএডিসি (সেচ), হবিগঞ্জ সদর সভায় উপস্থিত না থাকায় আলোচনা করা সম্ভব হয়নি।	পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।	উপসহকারী প্রকৌশলী বিএডিসি (সেচ),হবিগঞ্জ সদর
১৮	ত্রাণ ও দুর্যোগ ব্যবস্থাপনা	উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, হবিগঞ্জ সদর সভায় উপস্থিত না থাকায় আলোচনা করা সম্ভব হয়নি।	পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।	উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, হবিগঞ্জ সদর
১৯	আনসার ও ভিডিপি	উপজেলা আনসার ও ভিডিপি অফিসার, হবিগঞ্জ সদর স্বরাষ্ট্র মন্ত্রণালয়, জননিরাপত্তা বিভাগ, আনসার অধিশাখা-২ এর ১ মে ২০২১ তারিখের ৪৬ নং স্মারকের আলোকে উপজেলা কমপ্লেক্সের অভ্যন্তরে আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর নিজস্ব অফিস, প্রশিক্ষণ শেডসহ অন্যান্য প্রয়োজনীয় স্থাপনা নির্মাণের লক্ষ্যে ন্যূনতম পনেরো শতক ভূমি প্রদান করার জন্য প্রস্তাব করেন।	এ বিষয়ে উপজেলা প্রকৌশলী কে উপজেলা পরিষদের অভ্যন্তরে স্থানসমূহ পরিদর্শন পূর্বক মতামত প্রদানের জন্য অনুরোধ করা হয়।	উপজেলা প্রকৌশলী, হবিগঞ্জ সদর
২০	খাদ্য বিভাগ	উপজেলা খাদ্য নিয়ন্ত্রক,হবিগঞ্জ সদর বলেন, খাদ্য বান্ধব কর্মসূচি আগামী ২ মাস চলবে। তিনি আরও বলেন,আগামী মাস হতে ১০/- টাকা কেজি দরে চাল বিক্রির কার্যক্রম শুরু করা হবে।	যথযথভাবে কার্যক্রম চালিয়ে যাওয়ার জন্য অনুরোধ করা হয়।	উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, হবিগঞ্জ সদর
২১	বিবিধ	(ক) আলহাজ্ব এমএ মোতালিব, চেয়ারম্যান, ৩ নং তেঘরিয়া ইউপি,হবিগঞ্জ সদর বলেন, তাঁর ইউনিয়নের শিকারপুর হতে আলীগঞ্জ বাজার পর্যন্ত রাস্তা উন্নয়ন প্রকল্পের কাজ চলমান আছে। উক্ত প্রকল্পটি পরিদর্শন করার জন্য সভাপতি মহোদয়কে অনুরোধ জানান। (খ) জনাব আব্দুর রহিম, চেয়ারম্যান, ২ নং রিচি ইউপি বলেন, বিধি অনুযায়ী এডিপি (রাজস্ব উদ্বৃত্ত) হতে প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন করার প্রস্তাব করেন। (গ) জনাব মো: তাজ উদ্দিন, চেয়ারম্যান, ৯ নং নিজামপুর ইউপি, হবিগঞ্জ সদর বলেন, উপজেলা হতে এডিপি'র গৃহীত প্রকল্পের মধ্যে নিজামপুর ইউনিয়নে সবচেয়ে কম। আগামীতে সমপরিমাণে প্রকল্প বন্টন করার জন্য তিনি অনুরোধ জানান। (ঘ) জনাব মো: কায়সার রহমান, চেয়ারম্যান, ১ নং লোকড়া ইউপি, হবিগঞ্জ সদর বলেন, তাঁর ইউনিয়নের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। (ঙ) জনাব ফেরদৌস আরা বেগম, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হবিগঞ্জ সদর		

		বলেন, সকল দপ্তরের কাজ সুষ্ঠু সমন্বয়পূর্বক পরিষদের সুনাম বৃদ্ধি করা প্রয়োজন।		
		(চ) উপজেলা নির্বাহী অফিসার, হবিগঞ্জ সদর বলেন, মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়ের নির্দেশনা মোতাবেক হবিগঞ্জ সদর উপজেলা পরিষদ হতে ০২ (দুই) জন গৃহহীনকে আশ্রয়ণ-২ প্রকল্পের প্রাক্কলন মোতাবেক গৃহ নির্মাণ করে দেয়ার জন্য বিগত ১৭.০৬.২০২১ খ্রিঃ তারিখের সভায় সিদ্ধান্ত নেয়া হয়। উক্ত প্রকল্পটি দ্রুত বাস্তবায়ন করার উপর তিনি গুরুত্বারোপ করেন।	(চ) মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়ের নির্দেশনা মোতাবেক প্রকল্পটি দ্রুত বাস্তবায়ন করার সিদ্ধান্ত গৃহীত হয়।	(চ) চেয়ারম্যান,উপজেলা পরিষদ/উপজেলা প্রকৌশলী / উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা,হবিগঞ্জ সদর
		তিনি আরও বলেন, মুজিব শতবর্ষ উপলক্ষে ভূমিহীন ও গৃহহীন পরিবার পুনর্বাসনের জন্য আশ্রয়ন-২ প্রকল্পের অধীন ৩য় পর্যায়ে গৃহ নির্মাণের লক্ষ্যে বরাদ্দকৃত অর্থে ৬ নং রাজিউড়া ইউনিয়নের রতনপুর গ্রামে ২৯টি এবং গোপায়া ইউনিয়নের ভাদৈ গ্রামে ০৬টি গৃহ নির্মাণের কাজ প্রক্রিয়াধীন আছে। উক্ত প্রকল্পটি সঠিকভাবে বাস্তবায়নে সকলের সহযোগিতা কামনা করেন। ইউনিয়নাধীন চলমান উন্নয়নমূলক প্রকল্পের কাজ সঠিকভাবে হচ্ছে কিনা; সেদিকে নজর রাখার জন্য তিনি ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানান।	স্পেসিফিকেশন অনুযায়ী দ্রুত সময়ের মধ্যে গৃহ নির্মাণ কাজ সম্পন্ন করার এবং এব্যাপারে সকলে সহযোগিতা করার সিদ্ধান্ত গৃহীত হয়	চেয়ারম্যান, উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, হবিগঞ্জ সদর
		তিনি আগামী ২৬ ফেব্রুয়ারি গণটিকা কর্মসূচি সফলভাবে বাস্তবায়নের লক্ষ্যে স্বস্ব এলাকায় মাইকিং করে ব্যাপক প্রচারণা চালানোর জন্য ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানান।	আগামী ২৬ ফেব্রুয়ারি গণটিকা কর্মসূচি সফল বাস্তবায়নের লক্ষ্যে স্বস্ব এলাকায় মাইকিং করে ব্যাপক প্রচারণা চালানোর সিদ্ধান্ত গৃহীত হয়।	ইউপি চেয়ারম্যান(সকল), হবিগঞ্জ সদর
		(ছ) জনাব মোতাচ্ছিরুল ইসলাম, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হবিগঞ্জ সদর বলেন, বার বার অনুরোধ করা হলেও অদ্যকার সভায় কতিপয় চেয়ারম্যান ও অফিস প্রধান অনুপস্থিত থাকায় অসন্তোষ প্রকাশ করেন। তিনি বলেন, মাসিক সভায় সকলের উপস্থিত থাকা জরুরী। সকলের সহযোগিতা এবং সমন্বয়ের মাধ্যম কাজ করলে উপজেলার সার্বিক উন্নয়ন সাধিত হবে।	(ছ) উপজেলার সার্বিক উন্নয়নের লক্ষ্যে সকলের সহযোগিতা ও সমন্বয়ের মাধ্যমে কাজ করার সিদ্ধান্ত গৃহীত হয়। সকল সদস্যকে নিয়মিত ভাবে সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। এখন হতে কোন সদস্য পর পর ৩টি সভায় অনুপস্থিত থাকলে কারণ দর্শানোর নোটিশ প্রদান করা হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।	(ছ) ইউপি চেয়ারম্যান (সকল)/অফিস প্রধান (সকল),হবিগঞ্জ সদর
		(জ) তিনি বলেন, নির্বাচন ভবনের পাশে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসের ভবন নির্মাণ করা শুরু হবে। নির্মিতব্য ভবনের জায়গায় যাতায়াতের জন্য বিআরডিবি অফিসের সামনের গাছসহ ঝুঁকিপূর্ণ গাছগুলো কর্তন করে নিলামে বিক্রি করা প্রয়োজন। (ঝ) তিনি উপজেলা পরিষদের ফেব্রুয়ারি, ২০২২ মাসের মাসিক সভার আপ্যায়ন বিল=৩০,০০০/- টাকা; উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসের নতুন ভবন নির্মাণের স্বার্থে উপজেলা পরিষদের নীচু	(জ) নির্মিতব্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস ভবনের কাজের স্বার্থে যাতায়াতের জন্য ও ঝুঁকিপূর্ণ কতটি গাছ কর্তন করা প্রয়োজন তা সরেজমিনে পরিদর্শন করে প্রতিবেদন দেয়ার জন্য উপজেলা প্রকৌশলী, হবিগঞ্জ সদরকে অনুরোধ করা হয়।	(জ) উপজেলা প্রকৌশলী, হবিগঞ্জ সদর

		জমির পানি সেচ বাবদ=২২,০০০/- টাকা; উপজেলা পরিষদ কমপ্লেক্সের সিসি ক্যামেরা মেরামত বাবদ=১৫,০০০/-টাকা; উপজেলা নির্বাহী অফিসারের অফিসের কর্মচারীদের বাথরুম মেরামত বাবদ=২৫,০০০/- টাকা এবং ২১ ফেব্রুয়ারি, ২০২২ আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদযাপন উপলক্ষে ব্যয় বাবদ= ১৬,০০০/- টাকা এবং উপজেলা পরিষদ চেয়ারম্যান,ভাইস চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসারের জুলাই,২০২১ হতে জানুয়ারি,২০২২ পর্যন্ত সময়ের পত্রিকা বিল বাবদ=৬,৩০০/- টাকা ব্যয় করার জন্য প্রস্তাব করেন।		

২২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হবিগঞ্জ সদর এর অনুচ্ছেদ ২১(ঝ) এর প্রস্তাবানুযায়ী উপজেলা রাজস্ব তহবিল হতে নিম্নে বর্ণিত ব্যয় অনুমোদনের জন্য গৃহীত হয়।

ক্র: নং	প্রস্তাবিত ব্যয়ের বিবরণ ও সিদ্ধান্ত	বাস্তবায়ন
০১	উপজেলা পরিষদের ফেব্রুয়ারি, ২০২২ মাসের মাসিক সভার আপ্যায়ন বিল বাবদ= ৩০,০০০/- টাকা ব্যয় ভাউচার সভায় অনুমোদিত হয়।	চেয়ারম্যান, উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার, হবিগঞ্জ সদর
০২	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসের নতুন ভবন নির্মাণের স্বার্থে উপজেলা পরিষদের নীচু জমির পানি সেচ বাবদ=২২,০০০/- টাকা ব্যয় ভাউচার সভায় অনুমোদিত হয়।	চেয়ারম্যান, উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার, হবিগঞ্জ সদর
০৩	উপজেলা পরিষদ কমপ্লেক্সের সিসি ক্যামেরা মেরামত বাবদ =১৫,০০০/- টাকা ব্যয় ভাউচার সভায় অনুমোদিত হয়।	চেয়ারম্যান, উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার, হবিগঞ্জ সদর
০৪	উপজেলা নির্বাহী অফিসারের অফিসের কর্মচারীদের বাথরুম মেরামত বাবদ= ২৫,০০০/- টাকা ব্যয় ভাউচার সভায় অনুমোদিত হয়।	চেয়ারম্যান, উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা প্রকৌশলী, হবিগঞ্জ সদর
০৫	২১ ফেব্রুয়ারি, ২০২২ আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদযাপন উপলক্ষে ১৬,০০০/- টাকা ব্যয় ভাউচার সভায় অনুমোদিত হয়।	চেয়ারম্যান, উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার, হবিগঞ্জ সদর
০৬	উপজেলা পরিষদ চেয়ারম্যান,ভাইস চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসারের জুলাই,২০২১ হতে জানুয়ারি,২০২২ পর্যন্ত সময়ের পত্রিকা বিল বাবদ=৬,৩০০/- টাকা ব্যয় ভাউচার সভায় অনুমোদিত হয়।	চেয়ারম্যান, উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার, হবিগঞ্জ সদর

সভায় অন্য কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি কর্তৃক উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

মোতাচ্ছিরুল ইসলাম
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
হবিগঞ্জ সদর

স্মারক নং-০৫.৪৬.৩৬৪৪.০০১.০৪.০১২.২০২২- ১৪৬

তারিখ : ২৪ ফেব্রুয়ারি ২০২২

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে :

১। মাননীয় সংসদ সদস্য, হবিগঞ্জ-৩
২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩। কমিশনার, সিলেট বিভাগ, সিলেট
৪। পরিচালক, স্থানীয় সরকার, সিলেট বিভাগ, সিলেট
৫। জেলা প্রশাসক, হবিগঞ্জ
৬। উপ-পরিচালক, স্থানীয় সরকার, হবিগঞ্জ
৭। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হবিগঞ্জ সদর, হবিগঞ্জ
৮। চেয়ারম্যান ....ইউপি(সকল), হবিগঞ্জ সদর, হবিগঞ্জ
৯। ....সদস্য(সকল), হবিগঞ্জ সদর, হবিগঞ্জ

২৪.০২.২০২২
বর্ণালী পাল
উপজেলা নির্বাহী অফিসার
হবিগঞ্জ সদর

পরিশিষ্ট 'ক'

২৪.০২.২০২২ খ্রি: তারিখে অনুষ্ঠিত উপজেলা পরিষদের ফেব্রুয়ারি,২০২২ মাসের মাসিক সভায় উপস্থিতির তালিকা :

(স্বাক্ষরের ক্রমানুসারে)

ক্রমিক নং	নাম	পদবী	স্বাক্ষরিত
০১	জনাব বর্ণালী পাল	উপজেলা নির্বাহী অফিসার,হবিগঞ্জ সদর	
০২	জনাব ফেরদৌস আরা বেগম	মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হবিগঞ্জ সদর	
০৩	জনাব মো: সাইফুল আলম সিদ্দিকী	উপজেলা খাদ্য নিয়ন্ত্রক,হবিগঞ্জ সদর	
০৪	ডা: মো: সাদ্দাম হোসেন	মেডিকেল অফিসার,উপ: স্বাস্থ্য ও প: প: অফিস, হবিগঞ্জ সদর	
০৫	জনাব রওশন আরা বেগম	উপজেলা প: প: অফিসার, হবিগঞ্জ সদর	
০৬	জনাব মো: জালাল উদ্দিন খান	উপজেলা আনসার ও ভিডিপি অফিসার, হবিগঞ্জ সদর	
০৭	জনাব মো: আফতাব উদ্দিন	উপজেলা শিক্ষা অফিসার,হবিগঞ্জ সদর	
০৮	জনাব প্রানেশ চন্দ্র বর্মা	উপজেলা সমাজসেবা অফিসার, হবিগঞ্জ সদর	
০৯	জনাব মো: আলাউল কবির	সহকারী উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা,হবিগঞ্জ সদর	
১০	জনাব মো: এমদাদুল হক	উপ সহকারী প্রকৌশলী, এলজিইডি, হবিগঞ্জ সদর	
১১	জনাব মাহবুবুল হক	প্রতিনিধি, উপজেলা কৃষি অফিসার, হবিগঞ্জ সদর	
১২	জনাব নবরত্ন দাশ	জুনিয়র অফিসার, পল্লী সঞ্চয় ব্যাংক, হবিগঞ্জ সদর	
১৩	জনাব মো: জিয়া উদ্দিন	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার,হবিগঞ্জ সদর	
১৪	জনাব নুসরাত আল ফাতদি জাহান	তথ্যসেবা কর্মকর্তা,তথ্যআপা, হবিগঞ্জ সদর	
১৫	আলহাজ্ব এম এ মোতালিব	চেয়ারম্যান, ৩ নং তেঘরিয়া ইউপি,হবিগঞ্জ সদর	
১৬	জনাব আব্দুর রহিম	চেয়ারম্যান, ২ নং রিচি ইউপি,হবিগঞ্জ সদর	
১৭	জনাব মো: তাজ উদ্দিন	চেয়ারম্যান, ৯ নং নিজামপুর ইউপি,হবিগঞ্জ সদর	
১৮	জনাব মো: কায়সার রহমান	চেয়ারম্যান, ১ নং লুকড়া ইউপি,হবিগঞ্জ সদর	
১৯	জনাব হাসনাহেনা	উপজেলা সমবায় কর্মকর্তা, হবিগঞ্জ সদর	
২০	জনাব বিমান কুমার দাশ	সহকারী উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, হবিগঞ্জ সদর	
২১	জনাব মো: আব্দুর রাজ্জাক	সহকারী প্রকোশলী,জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর,হবিগঞ্জ সদর	

পরিশিষ্ট 'খ'

২৪.০২.২০২২ খ্রি: তারিখে অনুষ্ঠিত উপজেলা পরিষদের ফেব্রুয়ারি,২০২২ মাসের মাসিক সভায় অনুপস্থিতির তালিকা :

ক্রমিক নং	নাম	পদবী
০১	জনাব মাহবুবুর রহমান আউয়াল	ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হবিগঞ্জ সদর
০২	জনাব মো: বদরুল করিম দুলাল	চেয়ারম্যান, ৬ নং রাজিউড়া ইউপি,হবিগঞ্জ সদর
০৩	জনাব মো: মাহবুবুর রহমান হিরো	চেয়ারম্যান, ১০ নং লস্করপুর ইউপি,হবিগঞ্জ সদর
০৪	জনাব সৈয়দ মঈনুল হক	চেয়ারম্যান, ৪ নং পৈল ইউপি,হবিগঞ্জ সদর
০২	জনাব মো: মাহমুদুল হাসান	সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, হবিগঞ্জ সদর
০৩	জনাব মো: মাহবুবুল হক	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা (অ:দা:), হবিগঞ্জ সদর
০৪	জনাব রনজিৎ কুমার আচার	উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, হবিগঞ্জ সদর
০৫	জনাব এ এম রাকিবুল হক	উপসহকারী প্রকৌশলী বিএডিসি (সেচ), হবিগঞ্জ সদর
০৬	জনাব মোহাম্মদ জাহান	উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, হবিগঞ্জ সদর